

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।



পত্র সংখ্যা ০৩.০৪.২৬৯০.৮৭৬.০৪৩.০০৮.২০১৮-৩২

তারিখ ০৮ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাধীন বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)-শীর্ষক কর্মসূচির আওতায় সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের উচ্চশিক্ষায় বৃত্তি ২০২০ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রসঙ্গে।

প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাধীন “বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)” শীর্ষক কর্মসূচিটি ১৯৯৬ সাল হতে অদ্যাবধি চলমান রয়েছে। এ কর্মসূচির আওতায় সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নকল্পে গৃহীত বিভিন্ন কার্যক্রমের পাশাপাশি এ কার্যালয় হতে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও সমতুল্য শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান করা হয়ে থাকে। উল্লেখ্য, চলতি অর্থ বছর হতে এ কার্যক্রমটি চলমান ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে অনলাইন ওয়েব পোর্টালের (empl.pmo.gov.bd) মাধ্যমে আবেদন গ্রহণ, বিশ্লেষণপূর্বক বাছাই ও বৃত্তির অর্থ নির্বাচিত শিক্ষার্থীদের ব্যাংক হিসাব নম্বরে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

বর্ণিতাবস্থায়, এ সংক্রান্ত একটি বিজ্ঞাপন আপনার বিভাগ/জেলা/উপজেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জনগণের মধ্যে ব্যাপকভাবে প্রচারের লক্ষ্যে দাপ্তরিক পোর্টালে প্রকাশের পাশাপাশি অন্যান্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো করা হলো।


(দেবশিস কুমার দাস)
গবেষণা কর্মকর্তা
☎ ৫৫০২৯৫৩০
ই-মেইল: ro@pmo.gov.bd

প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। বিভাগীয় কমিশনার-ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ২। জেলা প্রশাসক.....
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা.....

অনুলিপি:

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক (নির্বাহী সেল) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।